তারিখ 10 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# দেশে ৪৯ ভাগ স্কুল শিক্ষার্থী 'সাইবার হয়রানির' শিকার

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশের ৪৯ শতাংশ স্কুল শিক্ষার্থী ইন্টারনেটের মাধ্যমে হয়রানির শিকার হচ্ছে। গ্রামীণফোনের মূল প্রতিষ্ঠান টেলিনর গ্রুপের এক জরিপে এমন চিত্র উঠে এসেছে। শিক্ষার্থীদের অনলাইনে কার্যক্রম ও আচরণ বিষয়ে 'নিরাপদ ইন্টারনেট' শীর্ষক গবেষণা প্রতিবেদন প্রকাশ করে টেলিনর গ্রুপ। প্রতিষ্ঠানটির এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, বাংলাদেশের প্রধান শহরগুলোসহ বিভিন্ন এলাকার ১২ থেকে ১৮ বছর বয়সী এক হাজার ৮৯৬ জন শিক্ষার্থীর মধ্যে ইন্টারনেট বিষয়ক জ্ঞান নিয়ে চালানো জরিপে এ সব তথ্য উঠে আসে।

## টেলিনরের জরিপের চিত্র

'সাইবার বুলিয়িং' বা সাইবার হয়রানিসহ ইন্টারনেটের বিভিন্ন বিষয়ে স্কুল শিক্ষার্থীদের প্রতিক্রিয়া বিশ্লেষণ করে এই গবেষণা প্রতিবেদন তৈরি করা হয়েছে। প্রভাব বিস্তারকারী আচরণের ধরন বুঝতে, শিশুদের জন্য ইন্টারনেটকে নিরাপদ করে তুলতে এবং এ বিষয়ে কার্যকরী সমাধানের জন্য এ গবেষণা চালানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, শিশুদের ইন্টারনেটে সহজে প্রবেশাধিকারের কারণে বাবা-মায়েদের কাছে আলোচিত ও শঙ্কার একটি বিষয় হচ্ছে 'সাইবার বুলিয়িং'। বাংলাদেশের ৪৯ শতাংশ স্কুল শিক্ষার্থীর অনলাইন বা অফলাইনে একই ব্যক্তির দ্বারা হয়রানি বা উত্ত্যক্ত হওয়ার অভিজ্ঞতা রয়েছে। অথবা তারা নাম প্রকাশ না করে অনলাইনে নিজেরা একে অন্যকে উত্ত্যক্ত করেছে।

সাইবার জগতে নেতিবাচক অভিজ্ঞতা সামাল দিতে শিক্ষার্থীদের দক্ষতা নিয়ে জানতে চাইলে ৬০ শতাংশ শিক্ষার্থী বলেছে, তারা মনে করে নিজেরা অথবা বাবা-মা ও শিক্ষকদের সঙ্গে পরামর্শ করে সমাধান করতে পারবে। ওয়েবসাইটে মাদক, অস্ত্র, আত্মহত্যা এবং আত্ম ঘৃণার প্রচারণা চালানোর মতো ইন্টারনেটে নতুন কিছু ঝুঁকি বেড়ে গেছে। তবে স্কুল শিক্ষার্থীরা এগুলোকে খুব একটা হুমকি মনে করে না, তাদের বেশিরভাগ এ ধরনের ওয়েবসাইট এড়িয়ে চলে বলে জানায়। প্রতিবেদনে বলা হয়, জরিপের আওতায় আসা ৬১ শতাংশ শিক্ষার্থী জানায়, তারা অনলাইনে 'সেক্সটিং' নামে পরিচিত অশোভন কোনো বার্তা পাঠাবে না।